

আল ইরশাদ-সহীহ আকীদার দিশারী

বিভাগ/অধ্যায়ঃ الأصل الخامس: الإيمان باليوم الآخر পঞ্চম মূলনীতি: শেষ দিবসের প্রতি ঈমান রচয়িতা/সঙ্কলকঃ শাইখ ড. ছলিহ ইবনে ফাওযান আল ফাওযান

৩- الأعمال - ৩. আমলসমূহের ওজন

কিয়ামতের দিন যা কিছু হবে, তার মধ্যে রয়েছে বনী আদমের আমলসমূহ ওজন করার বিষয়টি অন্যতম। আল্লাহ তা'আলা বলেন,

﴿ وَالْوَزْنُ يَوْمَئِذِ الْحَقُّ فَمَنْ تَقُلَتْ مَوَازِينُهُ فَأُولَئِكَ هُمُ الْمُفْلِحُونَ وَمَنْ خَفَّتْ مَوَازِينُهُ فَأُولَئِكَ الَّذِينَ خَسِرُوا أَنْفُسَهُمْ بِمَا كَانُوا بِآيَاتِنَا يَظْلِمُونَ ﴾

"আর সেদিন সত্য সত্যই ওজন হবে। অতঃপর যাদের সৎ আমলের পাল্লা ভারী হবে তারাই সফলকাম হবে। আর যাদের সৎ আমলের পাল্লা হালকা হবে তারা এমন হবে, যারা নিজেদের ক্ষতি করেছে। কারণ তারা আমার নিদর্শনসমূহ অস্বীকার করতো"। (সূরা আরাফ: ৮-৯) আল্লাহ তা'আলা আরো বলেন,

﴿ وَنَضَعُ الْمَوَازِينَ الْقِسْطَ لِيَوْمِ الْقِيَامَةِ فَلَا تُظْلَمُ نَفْسٌ شَيْئًا وَإِنْ كَانَ مِثْقَالَ حَبَّةٍ مِنْ خَرْدَلٍ أَتَيْنَا بِهَا وَكَفَى بِنَا حَاسِبِينَ ﴾

"আমি কিয়ামতের দিন ন্যায় বিচারের মানদন্ড স্থাপন করবো। সুতরাং কারো প্রতি যুলুম করা হবে না। যদি কোনো আমল সরিষার দানা পরিমাণও হয়, আমি তা উপস্থিত করব এবং হিসাব গ্রহণের জন্যে আমিই যথেষ্ট"। (সূরা আম্বিয়া: ৪৭)

সুতরাং বান্দার আমলসমূহ মাপা হবে প্রকৃত একটি দাঁড়িপাল্লা দিয়ে, যার একটি কাটা ও দু'টি পাল্লা থাকবে। শাইখুল ইসলাম ইমাম ইবনে তাইমীয়া রাহিমাহুল্লাহ বলেন, মীযান হলো এমন মানদন্ড, যা দ্বারা আমলসমূহ মাপা হবে। ন্যায় বিচার ও মীযান দু'টি ভিন্ন ভিন্ন জিনিস। আল্লাহর কিতাব ও রসূলের সুন্নাত দ্বারা এটি সাব্যস্ত। যেমন আল্লাহ তা'আলা বলেন,

﴿ فَأَمَّا مَنْ ثَقُلَتْ مَوَازِينُهُ فَهُوَ فِي عِيشَةٍ رَاضِيَةٍ وَأَمَّا مَنْ خَفَّتْ مَوَازِينُهُ فَأُمُّهُ هَاوِيَةٌ وَمَا أَدْرَاكَ مَا هِيَهُ نَارٌ حَامِيَةٌ ﴾

"অতঃপর যার পাল্লা ভারী হবে সে সুখী জীবন যাপন করবে। আর যার পাল্লা হালকা হবে তার ঠিকানা হবে হাবিয়া (জাহান্নাম)। তুমি জানো কি হাবিয়া কী? তা হচ্ছে প্রজ্জ্বলিত অগ্নি"। (সূরা আল-কারিআহ: ৬-১১) আল্লাহ তা'আলা আরো বলেন,

﴿وَنَضَعُ الْمَوَازِينَ الْقِسْطَ لِيَوْمِ الْقِيَامَةِ

''আমি কিয়ামতের দিন ন্যায় বিচারের মানদন্ড স্থাপন করবো'' (সূরা আম্বিয়া:৪৭)।

অতঃপর শাইখুল ইসলাম এমন কতিপয় হাদীছ উল্লেখ করেছেন, যাতে আমলসমূহ ওজন করার কথা এসেছে।



অতঃপর তিনি বলেন, এ হাদীছটি এবং অনুরূপ অন্যান্য হাদীছ প্রমাণ করে যে, বান্দার আমলসমূহ অনেক দাঁড়িপাল্লা দিয়ে ওজন করা হবে, যাতে কারো সৎ আমলের পাল্লা মন্দ আমলের পাল্লার চেয়ে ভারি হওয়ার বিষয়টি সুস্পষ্ট হবে আবার কারো মন্দ আমলের পাল্লা সৎ আমলের পাল্লার চেয়ে ভারি হবে। এর মাধ্যমেই ন্যায় বিচার সুস্পষ্ট হবে। ন্যায় বিচার প্রতিষ্ঠা করার জন্যই আমল ওজন করা হবে। মূলগত দিক থেকে দুনিয়ার দাঁড়িপাল্লার মতই হবে; কিন্তু কিয়ামতের দিনের দাঁড়িপাল্লাসমূহের ধরণ অন্যান্য গায়েবী বিষয়ের মতই। অর্থাৎ তার ধরণ-পদ্ধতি আমাদের জানা নেই।

Source — https://www.hadithbd.com/books/link/?id=13298

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন